আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।
ফোন: ৯৮৩৫৬৬১, ৮৭১১০৫৫ ফ্যাক্স: ৯৮৩৩৫৬২
www.ispr.gov.bd

সংবাদ বিজ্ঞপ্তি

নং ২৩.১৬.০০০০.০০৯.২৩.০০৩.২৩ তারিখ: ২০-০৫-২০২৩

# সাইবার নিরাপত্তায় মাইলফলক: MIST তে সাইবার নিরাপত্তা বিষয়ক সর্ববৃহৎ প্রতিযোগিতা ও কর্মশালার (MIST Leetcon 2023: HackMeIfYouCan) আয়োজন

ঢাকা, ২০ মে ২০২৩ ঃ- আধুনিক বিশ্বে সাইবার নিরাপত্তা নিশ্চিত করণ যে কোন দেশের জন্য একটি অন্যতম চ্যালেঞ্জিং বিষয়। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে বিষয়টির গুরুত্ব অনুধাবন করে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রনালয় সাইবার সিকিউরিটি সংক্রান্ত বিভিন্ন যুগোপযোগী কর্মসূচি গ্রহণ করেছে। এরই ধারাবাহিকতায় মিলিটারি ইন্সটিটিউট অব সায়েন্স টেকনোলজি (MIST) এর কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগ ও লিটকন এর উদ্যোগে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইসিটি (ICT) ডিভিশন, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (BCC) এবং ডিজিটাল সিকিউরিটি এজেন্সি (DSA) এর যৌথ সহযোগিতায় ২০ মে ২০২৩ তারিখ এমআইএসটি ক্যাম্পাসে অত্যন্ত উৎসবমুখর পরিবেশে "MIST Leetcon 2023: HackMeIfYouCan" এর আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানের সমাপনী পর্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইসিটি (ICT) বিভাগের মাননীয় তথ্য যোগাযোগ প্রতিমন্ত্রী জনাব জুনায়েদ আহমেদ পলক, এমপি।

MIST Leetcon 2023: HackMeIfYouCan এর উদ্বোধন করেন এমআইএসটি এর ফ্যাকাল্টি অব ইলেক্ট্রিক্যাল অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং এর ডীন এবং কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান, ব্রিগেডিয়ার জেনারেল মোঃ মাহফুজুল করিম মজুমদার, এনডিসি, পিএসসি, টিই।

"HackMeIfYouCan" শীর্ষক CTF (Capture The Flag) প্রতিযোগিতাটি দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীর পাশাপাশি সরকারি এবং বেসরকারি প্রতিষ্ঠানের জন্যও উন্মুক্ত ছিল। সাইবার নিরাপত্তা ভিত্তিক CTF প্রতিযোগিতায় অংশগ্রহণকারীরা তথ্য নিরাপত্তার বিভিন্ন ক্ষেত্রে অভিজ্ঞতা এবং বাস্তব জ্ঞান ব্যবহার করে সাইবার সিকিউরিটি সংক্রান্ত যেমন ক্রিপ্টোগ্রাফি, ওয়েব এক্সপ্লয়টেশন, রিভার্স ইঞ্জিনিয়ারিং, ফরেনসিক, নেটওয়ার্ক অ্যানালাইসিস ইত্যাদি বিষয়ক বিভিন্ন চ্যালেঞ্জের সমাধান করে। উক্ত প্রতিযোগিতায় সর্বমোট ৩৫১ টি দল বাছাই পর্বে অংশগ্রহণ করে যার মধ্যে থেকে ১০০টি দল চূড়ান্ত পর্বে অংশগ্রহণের সুযোগ পায়। চূড়ান্ত পর্বে অংশগ্রহণকারীদের মধ্যে ৭৫টি দল দেশের ৭২ শিক্ষা প্রতিষ্ঠান থেকে; এবং বাকী ২৫টি দল বাংলাদেশ সেনাবাহিনী, বাংলাদেশ পুলিশ, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড, এবং বাণিজ্যিক ব্যাংকসহ বিভিন্ন কর্পোরেট সংস্থা থেকে অংশগ্রহণ করে।

এছাড়া এই অনুষ্ঠানে সাইবার সচেতনতার উদ্দেশ্যে Cyber Security for Government Application and Infrastructure, Lift-off towards zero-day Adventure, Cloud Security, API Security in 2023 এবং Car Hacking শীর্ষক ৫টি কর্মশালার আয়োজন করা হয়। যেখানে সর্বমোট ৩২১ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন। "Cyber Security for Government Application and Infrastructure" শীর্ষক কর্মশালা পরিচালনা করেন সিকিউপেন্ট এর সিইও সাদমান তানজিম। "Lift-off towards zero-day Adventure" শীর্ষক কর্মশালা পরিচালনা করেন ইনফরমেশন সিকিউরিটি এর গবেষক আলমাস জামান এবং Cloud Security শীর্ষক কর্মশালার নেতৃত্বে ছিলেন পেন্টেস্ট লিড এর সিনিয়র অ্যাসোসিয়েট অফ, জুবায়ের আল নাজি। এছাড়াও "API Security in 2023 and Car Hacking" শীর্ষক কর্মশালা দুটি যথাক্রমে টিসিএম সিকিউরিটি এর কন্টেন্ট ক্রিয়েটর এলেক্স ওলসেন এবং ইনফরমেনশন সিকিউরিটি এর রিসার্চার-আয়াপ্পান রাজেশ অনলাইনে পরিচালনা করেন। বক্তারা শিক্ষার্থীদের সাইবার সিকিউরিটি, এপিআই কিকিউরিটি, ক্লাউড সিকিউরিটি, কার হ্যাকিং ইত্যাদি বিভিন্ন বিষয়ে তাত্ত্বিক ও ব্যবহারিক শিক্ষার আলোকপাত করেন।

MIST Leetcon 2023: HackMeIfYouCan এর ফলাফল ঘোষণা এবং পুরস্কার বিতরনী পর্বে CTF এর চ্যাম্পিয়ন দলকে প্রধান অতিথি জনাব জুনায়েদ আহমেদ পলক, এমপি দুই লক্ষ টাকা এবং অন্যান্য বিজয়ীদের তিন লক্ষ টাকাসহ সর্বমোট পাঁচ লক্ষ টাকা এবং সম্মাননা স্মারক প্রদান করেন। প্রতিযোগিতায় বিজয়ী হওয়ার গৌরব অর্জন করে সাইবার সিকিউরিটি ক্লাব ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির দল রেড রেবেলস্। দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করে যথাক্রমে এআইইউবি এর সাইলেন্ট কিলার ও এনএসটিইউ এর ফেডারেল বংক ইনভেসটিগেশনস্। প্রধান অতিথি তাঁর বক্তব্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উন্নয়নে বাংলাদেশ সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপের কথা উল্লেখ করেন। এছাড়া স্মার্ট বাংলাদেশের সাইবার নিরাপত্তার ক্ষেত্রে দক্ষ জনশক্তি তৈরী ও সাইবার হুমকি মোকাবেলায় কার্যকর ব্যবস্থা গ্রহণের বিষয়টির উপর গুরুত্বারোপ করেন। তিনি আশা প্রকাশ করেন HackMeIfYouCan এর মত কর্মসূচী বাংলাদেশের সাইবার নিরাপত্তা সেক্টরে নতুন দিগন্তের সূচনা করবে।

এমআইএসটির সম্মানীত ভারপ্রাপ্ত কমান্ড্যান্ট ব্রিগেডিয়ার জেনারেল মুঃ অহিদুল ইসলাম, এসইউপি, এনডিসি, পিএসসি প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উক্ত সমাপনী অনুষ্ঠানের প্রধান অতিথি ও অভ্যাগত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। শিক্ষা ও গবেষণার মাধ্যমে তথ্য প্রযুক্তির বিকাশ সাধনে এমআইএসটি তার ভূমিকা পালন করে যাবে বলে অঙ্গীকার ব্যক্ত করেন। তিনি আইসিটি ডিভিশন, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, ডিজিটাল সিকিউরিটি এজেন্সি, লিটকন, স্পন্সর প্রতিষ্ঠানসমূহ, CTF ও ওয়ার্কশপে অংশগ্রহণকারী এবং ইভেন্টের সাথে সম্পৃক্ত সকল স্তরের সদস্যদের বিষেশভাবে ধন্যবাদ জ্ঞাপন করেন।

উক্ত অনুষ্ঠানে MIST Leetcon 2023: HackMeIfYouCan এর অর্গানাইজিং চেয়ার ব্রিগেডিয়ার জেনারেল মোঃ মাহফুজুল করিম মজুমদার, এনডিসি, পিএসসি, টিই তাঁর বক্তব্যে প্রতিযোগীদের দক্ষতার ভূয়সী প্রশংসা করার পাশাপাশি সাইবার নিরাপত্তা এবং সিটিএফ এর তাৎপর্য উল্লেখ করেন এবং শিক্ষার্থীদের উদ্দেশ্যে অনুপ্রেরণামূলক বক্তব্য পেশ করেন। এছাড়াও অনুষ্ঠানে বক্তব্য রাখেন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (BCC) এর নির্বাহী পরিচালক রণজিৎ কুমার ও ডিজিটাল সিকিউরিটি এজেন্সি (DSA) এর মহাপরিচালক নাহিদ সুলতানা মল্লিক পুরো অনুষ্ঠানটির সার্বিক তত্ত্বাবধানে নিয়োজিত ছিল মিলিটারি ইন্সটিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ। পাশাপাশি অনুষ্ঠানটির সার্বিক সহযোগিতায় ছিল এমআইএসটি সাইবার সিকিউরিটি ক্লাব ও এমআইএসটি কম্পিউটার ক্লাব। স্পন্সর হিসেবে সহযোগীতায় ছিল ভিএমওয়্যার, এফ ফাইভ ও ট্রাস্ট ব্যাংক লিমিটেড।

স্বাক্ষরিত/-
এস এম শামীম আলম
সহকারী তথ্য অফিসার
পরিচালকের পক্ষে
মোবাইল ঃ ০১৭৬৯০১৭১৯৩